# UCB ক্রেডিট কার্ড বিলিং সাইকেল পরিবর্তন

## সচরাচর জিজ্ঞাসিত প্রশ্ন (FAQ)

গ্রাহকদের জন্য আরও সহজ, সুশৃঙ্খল এবং অভিন্ন বিলিং অভিজ্ঞতা নিশ্চিত করতে ইউসিবি ক্রেডিট কার্ডের বিলিং সাইকেল পুনর্বিন্যাস করছে।

### ১. কী পরিবর্তন হচ্ছে?

ইউসিবি বিদ্যমান একাধিক ক্রেডিট কার্ড বিলিং সাইকেল পরিবর্তন করে **প্রতি মাসের ২৫ তারিখ এবং ২৮ তারিখ—এই দুটি নির্ধারিত বিলিং সাইকেলে** চালু করছে। যদি আপনার অ্যাকাউন্ট এই পরিবর্তনের আওতাভুক্ত হয়, তাহলে ভবিষ্যতে আপনার মাসিক ক্রেডিট কার্ড স্টেটমেন্ট এই দুই তারিখের যেকোনো একটিতে তৈরি হবে। যার জন্যে যে বিলিং সাইকেল প্রযোজ্য হবে তা গ্রাহককে SMS এর মাধ্যমে জানানো হবে।

### ২. কেন এই পরিবর্তন আনা হচ্ছে?

গ্রাহকদের আরও সহজ, সুশৃঙ্খল ও নিরবচ্ছিন্ন সেবা প্রদানের লক্ষ্যে ইউসিবি এই উদ্যোগ গ্রহণ করেছে।
এই পরিবর্তনের মাধ্যমে—

- বিলিং প্রক্রিয়া আরও সহজ ও অভিন্ন হবে।
- স্টেটমেন্ট ব্যবস্থাপনা আরও কার্যকর হবে।
- সেবার মান ও দক্ষতা আরও উন্নত হবে।
- গ্রাহকদের জন্য বিলিং প্রক্রিয়া আরও স্বচ্ছ ও সুবিধাজনক হবে।

এই পরিবর্তনের ফলে আপনার কার্ডের কোনো সুবিধা বা বৈশিষ্ট্যে কোনো পরিবর্তন হবে না।

### ৩. কোন কোন গ্রাহক এই পরিবর্তনের আওতাভুক্ত?

প্রথম ধাপে শুধুমাত্র যেসব গ্রাহকের বর্তমান বিলিং সাইকেল মাসের ৪ ও ৫ তারিখ, তাদের বিলিং সাইকেল পরিবর্তন করা হবে। নতুন বিলিং সাইকেল হবে নিম্নরূপ:

| বর্তমান বিলিং সাইকেল | নতুন বিলিং সাইকেল | কার্যকর হবে |
|---|---|---|
| ৪ তারিখ | প্রতি মাসের ২৫ তারিখ | আগস্ট ২০২৬ হতে |
| ৫ তারিখ | প্রতি মাসের ২৮ তারিখ | আগস্ট ২০২৬ হতে |

যদি আপনার বর্তমান বিলিং সাইকেল উপরের তালিকায় না থাকে, তাহলে এই ধাপে আপনার বিলিং সাইকেলে কোনো পরিবর্তন হবে না। ভবিষ্যতে কোনো পরিবর্তন হলে আপনাকে আগেই জানানো হবে।

### ৪. আমার বিলিং সাইকেল পরিবর্তন হলে আমি কীভাবে জানতে পারব?

যেসব গ্রাহকের বিলিং সাইকেল পরিবর্তন হবে, তাদের পরিবর্তন কার্যকর হওয়ার আগে এসএমএস এবং ইমেইলের মাধ্যমের মাধ্যমে জানানো হবে। এছাড়া পরিবর্তিত বিলিং সাইকেল আপনার পরবর্তী ক্রেডিট কার্ড স্টেটমেন্টেও উল্লেখ থাকবে।

### ৫. আমার পেমেন্টের নির্ধারিত তারিখ (Payment Due Date) কি পরিবর্তন হবে?

হ্যাঁ। পেমেন্টের নির্ধারিত তারিখ স্টেটমেন্টের তারিখের সঙ্গে সম্পর্কিত হওয়ায় আপনার নতুন বিলিং সাইকেল অনুযায়ী Payment Due Date-ও পরিবর্তিত হবে। আপনার নতুন Payment Due Date আপনার স্টেটমেন্টে স্পষ্টভাবে উল্লেখ থাকবে।

### ৬. বিল পরিশোধের জন্য আগের মতোই সময় পাব কি?

আগস্ট ২০২৬ মাসে নতুন বিলিং সাইকেলে স্থানান্তরের কারণে স্টেটমেন্ট তৈরির তারিখ থেকে Payment Due Date পর্যন্ত সময় স্বাভাবিক সময়ের তুলনায় প্রায় ৭-১০ দিন কম হতে পারে। তবে সেপ্টেম্বর ২০২৬ থেকে স্টেটমেন্ট তৈরির তারিখ থেকে Payment Due Date পর্যন্ত সময় আগের মতোই ১৫ দিন থাকবে।

**৭. আগস্ট ২০২৬ মাসে আমি দুটি স্টেটমেন্ট কেন পাব?**
আপনার বর্তমান বিলিং সাইকেল থেকে নতুন বিলিং সাইকেলে স্থানান্তর (Migration) নির্বিঘ্ন করতে আগস্ট ২০২৬ মাসে আপনি একবারের জন্য দুটি পৃথক স্টেটমেন্ট পাবেন।

- প্রথম স্টেটমেন্টটি আপনার বর্তমান বিলিং সাইকেল অনুযায়ী তৈরি হবে এবং এতে বর্তমান বিলিং সাইকেল পর্যন্ত সকল নিষ্পত্তিকৃত লেনদেন (Settled Transaction) অন্তর্ভুক্ত থাকবে।
- দ্বিতীয় স্টেটমেন্টটি আপনার নতুন বিলিং সাইকেল অনুযায়ী তৈরি হবে এবং প্রথম স্টেটমেন্টের পর থেকে নতুন বিলিং সাইকেল পর্যন্ত সংঘটিত সকল নিষ্পত্তিকৃত লেনদেন (Settled Transaction) অন্তর্ভুক্ত থাকবে।

এটি শুধুমাত্র একবারের জন্য করা হচ্ছে, যাতে আপনার অ্যাকাউন্ট নতুন বিলিং সাইকেলের সঙ্গে সঠিকভাবে সমন্বিত (Aligned) হয়।

**৮. দুটি স্টেটমেন্ট পাওয়ার অর্থ কি আমাকে একই লেনদেনের জন্য দুইবার বিল করা হবে?**
না। আপনাকে কোনো লেনদেনের জন্য দুইবার বিল করা হবে না। দুটি স্টেটমেন্টে দুটি ভিন্ন বিলিং সময়ের লেনদেন অন্তর্ভুক্ত থাকবে এবং প্রতিটি লেনদেন শুধুমাত্র একবারই স্টেটমেন্টে প্রদর্শিত হবে।

**৯. যদি দুটি স্টেটমেন্ট পাই, তাহলে কি দুটি স্টেটমেন্টের বিলই পরিশোধ করতে হবে?**
হ্যাঁ। যদি আপনি দুটি স্টেটমেন্ট পান, তাহলে প্রতিটি স্টেটমেন্টে উল্লেখিত Payment Due Date-এর মধ্যে সংশ্লিষ্ট বিল পরিশোধ করতে হবে। সময়সীমার মধ্যে বিল পরিশোধ করলে আপনি বিলম্ব ফি এড়াতে পারবেন।

**১০. এই পরিবর্তনের ফলে কি আমার কার্ড নম্বর, পিন বা ক্রেডিট লিমিট পরিবর্তন হবে?**
না। এই পরিবর্তনের ফলে আপনার—কার্ড নম্বর, পিন, ক্রেডিট লিমিট, কার্ডের ব্যবহার কোনোটিরই পরিবর্তন হবে না।

**১১. আমার রিওয়ার্ড পয়েন্ট, ক্যাশব্যাক, ইএমআই বা অন্যান্য সুবিধায় কি কোনো পরিবর্তন হবে?**
না। আপনার বিদ্যমান— রিওয়ার্ড পয়েন্ট, ক্যাশব্যাক সুবিধা, ইএমআই সুবিধা, চলমান অফার, বিমানবন্দর লাউঞ্জ সুবিধা ও অন্যান্য প্রযোজ্য কার্ড সুবিধা আগের মতোই প্রযোজ্য শর্তাবলি অনুযায়ী চলতে থাকবে।

**১২. এই পরিবর্তনের কারণে কি নতুন কার্ড নিতে হবে?**
না। আপনার বর্তমান ক্রেডিট কার্ড আগের মতোই সচল থাকবে। নতুন কার্ড নেওয়ার প্রয়োজন নেই।

**১৩. পরিবর্তনের সময় কি আমি স্বাভাবিকভাবে কার্ড ব্যবহার করতে পারব?**
অবশ্যই। আপনি আগের মতোই আপনার ক্রেডিট কার্ড ব্যবহার করে সব ধরনের কার্ড সেবা নিরবচ্ছিন্নভাবে গ্রহণ করতে পারবেন।

**১৪. এ বিষয়ে আমাকে কী করতে হবে?**
আপনার কোনো বিশেষ পদক্ষেপ নেওয়ার প্রয়োজন নেই।
তবে অনুগ্রহ করে—

- ইউসিবি থেকে প্রেরিত এসএমএস বা নোটিশটি পড়ুন।
- আগস্ট মাসের স্টেটমেন্ট(গুলো) ভালোভাবে পর্যালোচনা করুন।
- নতুন Payment Due Date লক্ষ করুন।
- প্রতিটি স্টেটমেন্টের বিল নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করুন।

**১৫. আমি কি নিজের পছন্দ অনুযায়ী অন্য কোনো বিলিং সাইকেল নির্বাচন করতে পারব?**
না। এই বিলিং ব্যবস্থা চালুর অংশ হিসেবে প্রযোজ্য গ্রাহকদের জন্য নির্ধারিত বিলিং সাইকেল ব্যাংক কর্তৃক নির্ধারণ করা হবে।

**১৬. এই পরিবর্তন কবে থেকে কার্যকর হবে?**

প্রথম ধাপে আগস্ট ২০২৬ মাস থেকে বর্তমান ৪ ও ৫ তারিখের বিলিং সাইকেলের গ্রাহকদের জন্য এই পরিবর্তন কার্যকর হবে। পরিবর্তন কার্যকর হওয়ার আগে সংশ্লিষ্ট গ্রাহকদের জানিয়ে দেওয়া হবে।

**১৭. আরও তথ্য বা সহায়তার প্রয়োজন হলে কী করব?**

এই বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে অথবা সহায়তা প্রয়োজন হলে অনুগ্রহ করে **ইউসিবি কল সেন্টার-** 16419 এ যোগাযোগ করুন অথবা ইমেইল করুন customerservice.card@ucb.com.bd এ।